

## আরডিএ প্রদর্শনী খামার

প্রায়োগিক গবেষণার মাধ্যমে কৃষি ক্ষেত্রে লাগসই প্রযুক্তি উদ্ভাবন এবং উদ্ভাবিত প্রযুক্তিসমূহ প্রশিক্ষণ ও ফলাফল প্রদর্শনের মাধ্যমে বিস্তারের লক্ষ্যে একাডেমি ক্যাম্পাস সংলগ্ন ৮০ একর জমিতে আটটি ইউনিটের (ফসল, নার্সারী; পোলট্রি; ডেইরী; মৎস্য; টিস্যু কালচার এন্ড বায়োটেকনোলজি; বায়োগ্যাস, সেচ ও কৃষি যন্ত্রপাতি এবং কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বিপণন ইউনিট) সমন্বয়ে সরকারী পর্যায়ে একমাত্র Self Sustainable Farm গড়ে তোলা হয়েছে। নিম্নবর্ণিত আটটি ইউনিটের মাধ্যমে সমন্বিতভাবে প্রদর্শনী খামারের কার্যক্রম পরিচালিত হয়ে আসছেঃ

(১) ফসল ইউনিট (২) নার্সারী ইউনিট (৩) পোলট্রি ইউনিট (৪) ডেইরী ইউনিট (৫) মৎস্য ইউনিট (৬) টিস্যু কালচার এন্ড বায়োটেকনোলজি ইউনিট (৭) বায়োগ্যাস, সেচ ও কৃষি যন্ত্রপাতি ইউনিট (৮) কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বিপণন (এপিএম) ইউনিট। নিম্নে বিভিন্ন ইউনিটের আলোকচিত্র উপস্থাপন করা হলো।



চিত্রঃ আরডিএ প্রদর্শনী খামারের ফসল ইউনিট



চিত্রঃ আরডিএ প্রদর্শনী খামারের নার্সারী ইউনিট



চিত্রঃ আরডিএ প্রদর্শনী খামারের পোলট্রি ইউনিট



চিত্রঃ আরডিএ প্রদর্শনী খামারের ডেইরী ইউনিট



চিত্রঃ আরডিএ প্রদর্শনী খামারের মৎস্য ইউনিট



চিত্রঃ আরডিএ প্রদর্শনী খামারের টিস্যুকালচার ইউনিট

## কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বিপণন

সরকারের রাজস্ব ব্যয় ছাড়াই নিজস্ব আয়ে বিজ্ঞানসম্মত উপায়ে কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাজারজাতকরণ (এপিএম) ইউনিট বর্তমানে ৩১ টি পণ্য পল্লী ব্র্যান্ডে (কাঠালের চিপস, আমের আচার, রসুনের আচার, বরই আচার, তেতুল চাটনি, জিনজার চাটনি, ঘি, মধু, সরিষার তেল, কেক, ব্রেড, প্যাটিশ, ড্যানিশ, বিস্কুট, কলার চিপস ও টমেটো সস, ডিজিটাল দই) তৈরি ও সুলভ মূল্যে বাজারজাত করে যাচ্ছে। ফলে কৃষকের পণ্যের ন্যায্য মূল্য নিশ্চিতের পাশাপাশি নিরাপদ খাদ্য উৎপাদনের এ ইউনিটটি সুনামের সাথে পরিচালিত হয়ে আসছে এবং কিছু মানুষের কর্মের সংস্থান নিশ্চিত হয়েছে।



আরডিএ, বগুড়ার কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বিপণন ইউনিটের কার্যক্রম পরিদর্শন করছেন একাডেমির মহাপরিচালক জনাব খলিল আহমদ